# ইসলাম কিউ এ ফতোয়া সমগ্র

বিভাগ/অধ্যায়ঃ ইসলামী আইন ও এর মূলনীতি

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ সালিহ আল-মুনাজ্জিদ

একটি প্রাইভেট হসপিটাল কর্তৃপক্ষ সরকারী হসপিটালের ডাক্তারগণকে প্রস্তাব দেন: আপনারা যদি কিছু ডায়াগনস্টিক টেস্ট করানোর জন্য আমাদের হাসপাতালে রোগী প্রেরণ করেন, যে টেস্টগুলো শুধু আমাদের কাছেই আছে তাহলে টেস্ট বিলের কিছু পার্সেন্টিজ আপনারা পাবেন। এটা কি ঘুষ?

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য।

আমরা এ প্রশ্নটি শাইখ উছাইমীনের কাছে পেশ করেছি। তিনি উত্তর দেন যে, এটি ঘুষ এবং দুর্নীতি। এক পর্যায়ে এসে এই ডাক্তারগণ রোগীদের সাথে প্রতারণা করতে ও মিথ্যা বলতে দ্বিধা করবে না। তারা বিনামূল্যে চিকিৎসার সুবিধা সম্বলিত সরকারী হাসপাতাল থেকে প্রাইভেট হসপিটালে রোগী পাঠাতে কুণ্ঠাবোধ করবে না। তারা বলবে যে, সরকারী হাসপাতালে অমুক রোগের চিকিৎসা অথবা অমুক যন্ত্রটি নেই; অথচ সরকারী হাসপাতালে সে চিকিৎসা বা সে যন্ত্রটি আছে।

আল্লাহই ভাল জানেন।
শাইখ মুহাম্মদ সালেহ আল-মুনাজ্জিদ

## ফুটনোট

http://islamqa.info/bn/7836

Source — https://www.hadithbd.com/books/link/?id=2340

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন